সিইপিআই প্রকল্পের প্রকাশনা
জুন ২০২২।। সংখ্যা-৩৮
চতুর্থ বছর

অধিকার বার্তা

COAST Foundation

জন অংশগ্রহণ | স্বচ্ছতা ও জবাবদিহিতা | বঞ্চিতদের অধিকার

কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে জন প্রতিষ্ঠানসমূহে নাগরিকদের অংশগ্রহণ (সিইপিআই) প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছেন। মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি সহায়তায় ও এফসিডিওর আর্থিক সহায়তায় সিইপিআই প্রকল্প ভোলা জেলার ভোলা সদর, দৌলতখান ও লালমোহন উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে জন প্রতিষ্ঠানসমূহে স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বিভিন্ন সুযোগ ও সেবার ক্ষেত্র সৃষ্টি করা।

কোস্ট ফাউন্ডেশন নাগরিক ফোরামের সহায়তায় কম্বাইন্ড হারভেস্টার পেয়েছেন ভেদুরিয়া ইউনিয়নের জসিম উদ্দিন

কৃষি বিভাগ হতে প্রাপ্ত কম্বাইন্ড হারভেস্টার এর পাশে জসিম উদ্দিন ছবি:সোহাগ হোসেন পি এফ -সিইপিআই প্রকল্প

ভোলা সদর উপজেলার ভেদুরিয়া ইউনিয়নে কোস্ট ফাউন্ডেশন এর বাস্তবায়নে জন প্রতিষ্ঠান সমুহে নাগরিকদের অংশগ্রহণ প্রকল্পের ৩ নং ওয়ার্ডের শেরেবাংলা গ্রামের জসিম উদ্দিন (৪৩)শেরে বাংলা পুরুষ সিআইজি ফসল সমবায় সমিতির সভাপতি অন্যদিকে তিনি ওয়ার্ড নাগরিক কমিটির সহ-সভাপতি প্রতি ২ মাস পরপর এখানে সরকারি সেবা সমুহ ও আদায়ের কৌশল নিয়ে আলোচনা করেন ।ইতিমধ্যে ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে জানতে পারেন কৃষিসম্পসারণ অধিদপ্তর উক্ত উপজেলার কৃষকদের কম্বাইন্ড হারভেস্টার ধান মাড়াই মেশিন প্রদান করবেন ইতিমধ্যে শেরেবাংলা গ্রামের কৃষক সংগঠনটি উপজেলা কৃষি সম্পসারণ অধিদপ্তরে আবেদন করেন।সে আবেদনের এর প্রেক্ষিতে এবং সরকারের পক্ষথেকে ৭০%ভর্তুকীর মাধ্যমে ও ৩০% টাকা উক্ত সংগঠন কে প্রদান করতে হবে ।এ ক্ষেত্রে কম্বাইন্ড হারভেস্টারের মুল্য ৩৩ লক্ষ টাকা এই মুল্যের ৫ লক্ষ টাকা পরিষোধ করে তিনি কম্বাইন্ড হারভেস্টার গ্রহণকরেন ।কম্বাইন্ড হারভেস্টার এর মাধ্যমে প্রতিদিন প্রায় ৩ থেকে ৫ একর জমির ধান কাটতে পারেন ।এর ফলে স্বল্পশ্রমিকের মাধ্যমে অনেক জমিতে ধান কাটা সম্ভব ।এ ছাড়া ও জসিম উদ্দিন জানান এর ফলে এলাকার কৃষকগণ কৃষি কাজে উদ্বুদ্ধ হচ্ছেন তবে আমাকে উক্ত মেশিনের যন্ত্রপাতির জন্য যথেস্ট সমস্যায় পড়তে হচ্ছে ।উপ-সহকারি কৃষি অফিসার মাসুম বিল্লাহ বলেন এলাকার দরিদ্র কৃষকদের জন্য এটি যথেস্ট উপকারে আসে আমাদের কর্মএলাকার লক্ষমাত্রা পুরনে একদিনে ৪ একর পরিমান ধান কাটতে পারেন তবে মাঠের এলাকা ছোট হলে দিনের লক্ষমাত্রা পুরন হয় না ।

নাগরিক ফোরামের স্বউদ্যোগে ভেদুরিয়া ইউনিয়নের চরভেদুরিয়া গ্রামে ১ কিলোমিটার রাস্তা নির্মাণ ।

ভেদুরিয়া ইউনিয়নের চর ভেদুরিয়া গ্রামের জনগুরুত্বপুর্ন রাস্তা বাস্তবায়ন

ছবি:সোহাগ হোসেন পি এফ-সিইপিআই প্রকল্প

ভেদুরিয়া ইউনিয়ন এর আওতাধীন চরভেদুরিয়া গ্রামের জনগুরুত্বপুর্ন একটি রাস্তার বেহাল দশা হতে উত্তরনের লক্ষ্যে স্থানীয় বাসিন্দারা (৮নং ওয়ার্ডের)সকলে মিলে সিদ্বান্ত নেন তাদের যাতায়াতের প্রধান মাধ্যম টি নিজেদের উদ্যোগেই সংস্কার করবেন।এ কাজে নেতৃত্বদেন ওয়ার্ড নাগারিক কমিটির সভাপতি হুমায়ুন কবির ,প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক মেজবা উদ্দিন ফিরোজ ,শিক্ষক নাজিম উদ্দিন টিপু ।তারা বলেন রাস্তাটি যখন বেহাল দশা তখন দেখলাম প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাথীদের ,স্থানীয় মাদ্রাসার শিক্ষার্থী ,মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষাথী ও কলেজ শিক্ষাথীদের যাতায়াতে অনেক সমস্যার সমুক্ষীন হচ্ছে এমনকি বর্ষাকালে শিশুদের জন্য অনেক ঝুকিপুর্ণ ,স্থানীয় চরভেদুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় এ এলাকার ১ম শ্রেনী হতে ৫মশ্রেনী পর্যন্ত ২৬ জন শিক্ষার্থী রয়েছেন এছাড়া ও এলাকার প্রায় ৪০০ হতে ৫০০ লোকের যাতায়াতের প্রধান মাধ্যম ,আমরা সকলে ঠিক করলাম ৫০০ টাকা করে প্রতিটি বাড়ি হতে তুললাম এখানে সকলের স্বতস্ফুত অংশগ্রহণ এর ফলে জনগুরুত্বপুর্ণ রাস্তাটিতে বালি ও বস্তাভর্তি বালর বস্তায় সংস্কার কার্যক্রম শুরু হয় ।স্থানীয় ভাবে সকলের সহযোগিতায় রাস্তাটি চলাচলের উপযুগীকরা হয় ।

প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেনীর শিক্ষার্থী ইশরাত মনি (৭) ও অফিয়া বলেন আমাদের চলাচলের রাস্তার কারনে আমাদের পরিহিত জামা কাপড়ে কাদামাটি লেগে যেত অনেক সময় আছে পিচ্ছিল খেয়ে পড়ে আমাদের বই খাতা ভিজেযেত এখন আমাদের এলাকার সকলের সহায়তায় রাস্তার সমস্যা

সমাধান করা সম্ভব হয়েছে এখন আমাদের চলাচলে তেমন কোন সমস্যা হচ্ছে না ।

স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাথীগণ,ছবি-সোহাগ হোসেন

স্থানীয় সরকার প্রতিষ্ঠান ইউনিয়ন পরিষদের উন্মুক্ত বার্ষিক বাজেট অধিবেশন ২০২২-২৩

দৌলতখান উপজেলার মেদুয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো:মনজুর অলম উন্মুক্ত বাজেট সভায় বক্তব্য রাখছেন।ছবি-সাদ্দাম হোসেন-পি এফ সিইপিআই প্রকল্প,কোস্ট ফাউন্ডেশন ।

কোস্ট ফাউন্ডেশন, মানুষের জন্য ফাউন্ডেশন ও ইউনিয়ন পরিষদের সহায়তায় সিইপিআই প্রকল্পের মাধ্যমে ভোলা জেলার ৩ টি উপজেলার ১০ টি ইউনিয়ন পরিষদে ২০২২-২৩ সালের উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠিত হয় ।স্ব স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সভাপতিত্বে ইউনিয়ন পরিষদের সচিবগণ বাজেট উপস্থাপন করেন এবারের বাজেটে যে সকল খাত কে গুরুত্বপ্রদান করা হয়েছে শিক্ষা,স্বাস্থ্য,কৃষিওসেচ,মানব সম্পদ উন্নয়ন,মৎস্য ও প্রাণীসম্পদ,নিরাপদ পানি সরবরাহ ,পয়:নিস্কাশন ও বর্জ্যব্যবস্থাপনা,নস্ট গভীর নলকুপ সংস্কার,বার্ষিক ক্রীড়া ও সংস্কৃতি ।

ইউনিয়নের উন্মুক্ত বাজেট অধিবেশন সমুহে সরকারি দপ্তরের বিভিন্ন কর্মকর্তা,শিক্ষক,স্বাস্থ্যও পরিবার কল্যান কর্মী ,সাংবাদিক,ইউনিয়নের বিভিন্ন শ্রেনীও পেশার নারীপুরুষ গণ অংশগ্রহণ করেন । বাজেট আলোচনায় ইউপি চেয়ারম্যানগণ এলাকার জনগণকে কার্যকরি বাজেট ও জনঅংশগ্রহণ মুলক বাজেটে বিভিন্নখাতে সংয়োজন ও বিয়োজন কে নিয়ে মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ জানান ।

নাগরিক ফোরামের উদ্যোগে জেসমিন আক্তার অন্তরভুক্ত হয়েছেন মাতৃত্বভাতা ভোগীর তালিকায়

কোস্ট ফাউন্ডেশন২০১৯ সাল থেকে ভোলা জেলায় সিইপিআই নামে একটি প্রকল্প বাস্তবায়ন করছে ।যার লক্ষ্য দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠির জন্য বিভিন্ন সুজোগ সুবিধা এবং সেবার ক্ষেত্র তৌরি করা হয়েছে ।আমরা জানি যে বিপুল সংখক জনসংখ্যা তাদের নাগারিক আধিকার,রাষ্টিয় পরিষেবা এবং পাওনা সম্পর্কে সচেতন নয় ।স্থানীয় সরকার সেবা প্রদান দরিদ্র প্রবন এলাকায় সামাজিক নিরাপত্তা কর্মসুচি সুবিধা ভোগী নির্বাচন ও বিতরণ প্রক্রিয়া সম্পর্কে সচেতনেতা তৌরি করতে ওয়ার্ড পর্যায় সচেতনেতা বৃদ্ধি সভা অনুষ্ঠিত হয় ।প্রতিবন্ধী ব্যক্তি, বয়স্ক,বিধাবা দরিদ্র মহিলা ,জেলে এবং অন্যান্ন সংখ্যালঘুদের অংশগ্রহণকারিদের সাথে সভা অনুষ্ঠিত হয় এবং সরকারি পরিষেবা গুলোতে অভিগম্যতা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় ।প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন: লক্ষ্য ও অর্জন-মে ২০২২

ক্রম	কার্যক্রম	লক্ষ্য	অর্জন
১	ওয়ার্ড নাগরিক কমিটির সভা	৪২	৩৮
২	ইউনিয়ন নাগরিক কমিটির সভা	৭	৭
৩	ইউনিয়ন দ্বি-মাসিক উন্নয়ন সমন্বয়সভা	১৪	৯
৪	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক কমিটির সদস্যদের ওরিয়েন্টেশন	২	২
৫	সামাজিক পর্যবেক্ষন জেলে ভিজিএফ	১৪	১২
৬	উন্মুক্ত বাজেট অধিবেশন	১০	১০

এই প্রকাশনাটি তৈরিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে সিইপিআই প্রকল্পের সকল সহকমী সহযোগিতা করেছেন।বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: মোবাইল: ০ ১৭০৮ ১২ ০৪ ০৭

ইমেইল: fazlu@coastbd.net কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প বাস্তবায়ন কার্যালয়, সার্কিট হাউজ রোড, সার্কিট হাউজ এর বিপরীত পাশে, চরনোয়াবাদ, ভোলা সদর, ভোলা থেকে প্রকাশিত ও সংরক্ষিত। কোস্ট ওয়েবসাইট ভিজিট : www.coastbd.net.

COAST has Special Consultative Status with the UNECOSOC